আজকের কাগজ

তারিখ 24 NOV 1991
পৃষ্ঠা ... কলাম ...

# সিংগাইর কলেজে ছাত্র সংঘর্ষে ১৫ জন আহত

মানিকগঞ্জে সিংগাইর ডিগ্রী কলেজে গতকাল দু'দল ছাত্রের মধ্যে সংঘর্ষে ১৫ জন আহত হয়েছে। কলেজ অধ্যক্ষ ছাত্রদের সংঘর্ষ থামানোর চেষ্টা করলে তাকেও লাঞ্ছিত করা হয়। সংঘর্ষের পর একদল তরুণ স্থানীয় আওয়ামী লীগ কার্যালয় ভাঙচুর করে। জেলা প্রতিনিধির ফোন।

প্রত্যক্ষদর্শীরা জানিয়েছে, গতকাল শনিবার সকাল এগারোটার দিকে জাতীয়তাবাদী ছাত্রদল ও বাংলাদেশ ছাত্রলীগ যথাক্রমে কলেজ চত্বর ও উপজেলা সদরে দু'টি পৃথক মিছিল বের করে।

মিছিল দু'টি এক পর্যায়ে কলেজের কাছে পরস্পরের মুখোমুখি হয়। এ সময় উভয় মিছিল থেকে পরস্পরবিরোধী আপত্তিকর শ্লোগানকে কেন্দ্র করে উত্তেজনা সৃষ্টি হয়। এক পর্যায়ে ছাত্রদল হঠাৎ ছাত্রলীগের মিছিলের ওপর চড়াও হয়। ছাত্রলীগ কর্মীরাও আক্রমণ প্রতিহত করে। এ ঘটনায় ১৫ জন আহত হয়। কলেজের অধ্যক্ষ সংঘর্ষ থামাতে গেলে ছাত্রদল কর্মীরা তাকেও লাঞ্ছিত করে। আহতদের সবাই ছাত্রলীগ কর্মী।

আহতের মধ্যে শহীদুর রহমানকে গুরুতর অবস্থায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। অন্যান্য যাদের নাম পাওয়া গেছে তারা হলেন, আফজাল হোসেন, সাইদুর রহমান ও লিটন। এরা সিংগাইর হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। বাকিদের প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেয়া হয়েছে।